

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১০৫. সফর অবস্থায় কোন কোন সালাত একত্রে জমা করে আদায় করা যায়?

এগুলো হলো যোহর ও আসর একত্রে এবং মাগরিব ও এশা একত্রে। এর বাইরে অন্য কোন দুই সালাত একত্রে জমা করে পড়া জায়েয নেই। যেমন- আসরের সাথে মাগরিব পড়া যাবে না এবং এশার সাথে ফজর বা ফজরের সাথে যোহর একত্রে পড়া জায়েয নেই। শুক্রবারে জুমু'আর সাথেও আসর পড়া যাবে না। (শরহুল মুমতে)

- (ক) ইবনে আব্বাস (রা.) বলেছেন, সফরে দ্রুত পথ চলার সময় রাসূলুল্লাহ (স.) যোহর ও আসরের সালাত একসাথে পড়তেন এবং মাগরিব ও এশার সালাত একসাথে পড়তেন। (বুখারী: ১১০৭) অর্থাৎ, যোহরের সালাম ফেরানো শেষ হলেই আবার সে সময়ই আসর পড়ে ফেলতেন এবং একইভাবেই মাগরিব শেষ করেই একই সময়ে এশাও পড়ে ফেলতেন।
- (খ) অপর সাহাবী ইবনে উমর (রা.) বলেছেন, নবী (স.) দ্রুত সফর করতেন, আর তখন মাগরিব ও এশা একত্রে আদায় করতেন। (বুখারী: ১১০৬)
- (গ) আনাস (রা.) বলেছেন, নবী (স.) সফর অবস্থায় মাগরিব ও এশার সালাত একত্রে পড়তেন। (বুখারী: ১১০৮) জমা করার ক্ষেত্রে দুই নামাযের আযান একবার, আর ইকামাত দুইবার। কিন্তু এ দুয়ের মাঝে কোন সুন্নাত-নফল পড়া যাবে না। কেউ যদি জমা না করে শুধু কসর করে বা কসর না করে শুধু জমা করে তবে তা জায়েয (মাজাল্লাতুল বুহুস আল-ইসলামিয়া- ১২/৮৮)। জমা করার ক্ষেত্রে যোহর পড়েই আসর শুরু করতে হবে। এ দুই সালাতের মধ্যে সময়ের ব্যবধান বেশি থাকতে পারবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12991

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন